## মিঠাপুকুর উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **মোঃ জাকির হোসেন সরকার**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মিঠাপুকুর,রংপুর । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | ঃ | ২৯/০৬/২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |

সভায় উপস্হিত সম্মানিত সদস্য সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক এ প্রদর্শিত

মিঠাপুকুর উপজেলা পরিষদের অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জাকির হোসেন সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মিঠাপুকুর,রংপুর। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী ঃ

**১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও প্রকল্পসমূহ চুড়ান্ত অনুমোদন করন।**

**২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।**

**৩। উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ।**

**৪। বিবিধ আলোচনা।**

**০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন ।**

১নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

২নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব বিভাগের কাজের অগ্রগতি সভায় উপস্হাপন করেন। যা বিভাগওয়ারী নিম্নরুপঃ-

**উপজেলা প্রকৌশল বিভাগঃ**

**(১) উপজেলা পরিষদের মাঠ উন্নয়ন এবং পানি নিস্কাশনের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন প্রকল্প।**

**আলোচনাঃ-** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলা পরিষদের অনুকুলে ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী পাওয়া যায়। যার স্মারক নম্বর ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৩১০ তারিখ ০১/০৬/২০২২ ইং। এ অর্থ ব্যয়ের জন্য মাননীয় সংসদ সদস্য জনাব এইচ এন আশিকুর রহমান এর অভিপ্রায় অনুযায়ী প্রকল্প গ্রহণের বিষয়টি উল্লেখ রয়েছে। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৫ ইতোমধ্যে মিঠাপুকুর উপজেলা পরিষদের মাঠ উন্নয়ন ও পানি নিস্কাশনের মাধ্যমে জলাবদ্ধতা নিরসনের জন্য ৬০ (ষাট) লক্ষ টাকার প্রকল্প দাখিল করেছেন। ইতোমধ্যে বরাদ্দকৃত ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা উত্তোলন করে বিডি আকারে রাখা হয়েছে। বর্তমানে উক্ত অর্থদ্বারা বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য কাজের প্রাক্কলন প্রস্তুত করে টেন্ডার আহবানের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ প্রাপ্ত বরাদ্দের ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা দ্বারা বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত এবং টেন্ডার আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচী বাস্তবায়ন প্রসঙ্গে**

৩। উপজেলা প্রকৌশলী বলেন যে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচীর আওতায় থোক বরাদ্দের অর্থ দ্বারা টেন্ডার আহবান এবং PIC মাধ্যমে কাজ বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা হয় । টেন্ডারের মাধ্যমে ৭ টি এবং PIC এর মাধ্যমে ২৮ টি এবং RFQ এর মাধ্যমে ২ টি মোট ৩৮ টি । উক্ত কাজ সমূহের বিল ২৮ শে জুন ২০২২ তারিখের মধ্যে পরিশোধের বাধ্যবাধকতা থাকায় ২৮/০৬/২০২২ তারিখের মধ্যে দাখিল করা হয় ২৮/০৬/২০২২ রাত্রিতে বিদ্যুতের লোডসেডিং থাকায় Internet এর গতি কম এবং Ibas++ Server Busy থাকায় শেষ পর্যন্ত উপজেলা হিসাবরক্ষন অফিস মিঠাপুকুর রংপুর ৬ টি টেন্ডার PIC ৩ টি এবং ২ টি RFQ এর বিল বাবদ মোট ৬৮,৫২,৮০৫/- টাকা পরিশোধ করা সম্ভব হয়নি ।

সভাপতি মহোদয় বলেন নিদিষ্ঠ সময়ের মধ্যে বিল পরিশোধ না করে শেষ সময়ে বিল পরিশোধের চেষ্টা করে ৬৫,৫২,৮০৫/- টাকার বিল পরিশোধ করা সম্ভব হয়নি কেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর কাছে জানতে চান।

উপজেলা প্রকৌশলী বলেন শেষ সময়ে বিদ্যুতের লোডসেডিং থাকায় Internet এর গতি কম এবং Ibas++ Server Busy থাকায় ৬৮,৫২,৮০৫/- টাকা পরিশোধ করা সম্ভব হয়নি ।

উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা উন্নয়ন তহবিল হতে উক্ত বিলের ব্যয় পরিশোধ করার প্রস্তাব করেন।

এ বিষয়ে পরবর্তী সভায় সিদ্ধান্ত নেয়া হবে।

৪। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার জায়গা বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। অত্র প্রতিষ্ঠানটি ৪ তলা ভিত্তিসহ দ্বিতল ভবন নির্মাণের জন্য ৪কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে জায়গাটি চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারসহ উপজেলা প্রকৌশলী পরিদর্শন করেছেন।

সিদ্ধান্ত :- উপজেলায় অবস্থিত বরেন্দ্র ভবন ও পল্লী সঞ্চয় ব্যাংক অফিস এর মধ্যবর্তী ফাঁকা স্থানে ''বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার'' নির্মাণের জন্য জায়গা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫। সহকারী কমিশনার (ভূমি) মিঠাপুকুর, রংপুর (পদ্মা) এর নামে বরাদ্দকৃত কোয়াটারের মেঝেতে টাইলস লাগানো প্রসঙ্গে।**

**আলোচনা ঃ** উপজেলা প্রকৌশলী জানান যে, সদ্য যোগদানকৃত সহকারী কমিশনার (ভূমি) মিঠাপুকুর এর জন্য বরাদ্দকৃত সরকারী বাসভবনের মেঝে জরাজীর্ণ হওয়ার কারণে সেখানে টাইলস স্থাপন করা প্রয়োজন। এ সংক্রান্ত একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে প্রাক্কলন মূল্যের পরিমান ১.৯৮,০০০/-(একলক্ষ আটানব্বই) হাজার টাকা মাত্র। অনুমোদিত হলে কাজটি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে এবং উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত অর্থ ব্যয় করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** সহকারী কমিশনার (ভূমি) মিঠাপুকুর এর সরকারী বাসভবন পদ্মা এর মেঝেতে টাইলস লাগানোর জন্য ১.৯৮,০০০/-(একলক্ষ আটানব্বই) হাজার টাকা এর প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। উক্ত কাজটি ব্যয়ভার উপজেলা রাজস্ব তহবিল হতে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৬) হোসেন নগর ব্রিজ (পায়রাবন্ধ ইউনিয়ন) এর এপ্রোস মেরামত করা প্রসঙ্গে।**

আলোচনাঃ চলতি বর্ষা মৌসূমে বৃষ্টির কারণে হোসেন নগর ব্রিজের মিঠাপুকুর অংশের এপ্রোস ক্ষতিগ্রস্থ হয়। মাটি সরে গিয়ে গর্তের সৃষ্টি হয়েছে। উক্ত গর্ত মেরামত এবং মাটি আটকানোর জন্য Palicading এর খুটি নির্মান করে মাটি আটকানোর জন্য প্রাক্কলিত মূল্যে ২,০০০০০/-(দুইলক্ষ) টাকা যা পিআইসি এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** হোসেন নগর ব্রিজ এপ্রোস মেরামতের জন্য ২,০০০০০/-(দুইলক্ষ) টাকার প্রাক্কলন সর্ব সম্মতক্রমে অনুমোদিত হলো এবং উক্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

**৭)পদাগঞ্জ আমের হাটে রাস্তার দুইপার্শ্বে Brick Chips দ্বারা ফিলিং করন প্রসঙ্গে।**

আলোচনা ঃ খোড়াগাছ ইউনিয়ন চেয়ারম্যান জানান পদাগঞ্জ আমের হাটের রাস্তার দুইধারে বৃষ্টির জন্য কাদা হওয়ায় আম বেচা-কেনায় সমস্যা হচ্ছে। এমতাবস্থায় উক্ত কাঁদা নিরসনে রাস্তার দুইধারে Brick Chips দেয়া প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** পদাগঞ্জ আমের হাটের পাকা রাস্তায় দুইপার্শ্বে এবং রাস্তা সংলগ্ন আম হাটির বিভিন্ন গলিতে২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার Brick Chips/ Bats বিছানোর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। ইতোপূর্বে বার্ষিক উন্নয়ন তহবিল দ্বারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের জন্য যে ক্রীড়া সামগ্রী ক্রয় করা হয়েছে যাহা বিতরণের জন্য গত পরিষদ সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সে সিদ্ধান্ত মোতাবেক বিতরণের পূর্বে ক্রীড়া সামগ্রী গুলো পরিদর্শনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

কমিটি

| | |
|---|---|
| ১। জনাব নিরঞ্জন মহন্ত উপজেলা ভাইস চেয়ারম্যান | আহবায়ক |
| ২। উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৩। চেয়ারম্যান ১৪নং দূর্গাপুর ইউ,পি | সদস্য |
| ৪। চেয়ারম্যান ১৭নং ইমাদপুর ইউ,পি | সদস্য |
| ৫। উপজেলা প্রকৌশলী | সদস্য-সচিব |

উক্ত কমিটি ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিদর্শন পূর্বক প্রতিবেদন সভাপতির নিকট মতামত প্রদান করবেন।

**৯। উপজেলা কৃষি বিভাগ ঃ** চলতি আউশ মৌসুমে ২৭০০ হেক্টর জমিতে আউশ ধান আবাদ করা হয়েছে। মোট আউশ ধানের উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল ১০৮০০ মে.টন। আশা করা যাচ্ছে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী উৎপাদন হবে। ২০২১-২০২২ অর্থবছরে ২০২২-২০২৩ মৌসুমে রোপা আমন প্রনোদনা কর্মসূচীর আওতায় ১২৫০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার দেওয়া হয়েছে। মাঠে কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে খরিপ-১ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ১২০টি গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে। যা ইতিমধ্যে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইউনিয়নওয়ারী বিভাজন করে ১২০ জন কৃষকের মাঝে বিনামুল্যে বীজ ও সার দেওয়া হয়েছে। মাছে কার্যক্রম চলমান। মাননীয় প্রধানমন্ত্রীর যে, প্রতিশ্রুতি এক ইঞ্চি জমিও পতিত থাকবে না তা বাস্তবায়নে কৃষকদের মাঝে পারিবারিক সবজি পুষ্টি বাগান ২৮২টি প্রদর্শনীর মালামাল বিতরণ কার্যক্রম সম্পূর্ণ হয়েছে। মাঠে কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান জুলাই মাসে ৮১২ মে.টন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গেছে। যা উপজেলার ১৭টি ইউনিয়নের বিসিআইসি ডিলারগণের মাঝে বিভাজন দেয়া হয়েছে। অত্র অফিসের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

**১০। উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগ:-** উপজেলা হাসপাতালে বহি: বিভাগ, জরুরী বিভাগ ও অন্ত: বিভাগে সেবা কার্যক্রম চলমান। X-ray মেশিন অচল থাকায় X-ray ব্যতিত অন্যান্য পরিক্ষী-নিরীক্ষা দ্বারা রোগ নির্ণয় করা হচ্ছে। জরুরী প্রস্তুতি সেবা কর্মসূচীর আওতায় ২৪ ঘন্টা স্বাভাবিক/নরমাল ডেলিভারী এবং প্রয়োজনে সিজারিয়ান অপারেশন করা হচ্ছে। মিঠাপুকুর কোভিট-১৯ মহামারী নিয়ন্ত্রনে আছে। অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে।

৩

**১১। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ**:- ০৮ টি ইউনিয়ন থেকে মোট ৭১ জনের আবেদন পাওয়া গেছে। যাচাই-বাছাই পূর্বক জেলেদের তালিকা চুড়ান্ত করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ আর্থিক সালে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষে ০৪টি বিল নার্সারী(বড় রুহিয়া বিল, ছোট রুহিয়া বিল, গোছকাট বিল, শালমারা বিল ও রিভার বড় বিল) কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দেশীয় প্রজাতির মাছ বিলুপ্ত হতে রক্ষার জন্য ০২টি বিলে (তুলসীডাঙ্গা বিল ও কাফ্রিখাল বিল) অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। মান সম্মত রেনু পোনা উৎপাদনের জন্য বেসরকারী হ্যাচারীর নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। মৎস্য খাদ্য উৎপাদন কারখানার নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। এ লক্ষে উপজেলার বিভিন্ন মাছ বাজারে সচেতনতা সভা, অভিযান, মোবাইল কোর্ট চালানো হচ্ছে। মৎস্য বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। জেলে নিবন্ধন কার্যক্রম সারা বছরের জন্য চলমান প্রক্রিয়া।

**১২। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ**:- গত মাসে উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেনারী হাসপাতালে ২৩১৮ টি গবাদি প্রাণীর ও ১২৩৭০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়। গত মাসে মোট ৩২ টি পয়েন্টে ২১২৫ টি গাভীর কৃত্রিম প্রজনন করা হয় ১৬০টি গবাদিপশু ও ৮০০০০ টি হাঁস-মুরগীকে ভ্যাক্সিনেশনের আওতায় আনা হয়। ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট এর আওতায় ০২ (দুই) জন খামারীকে পিকাপ বিতরণ প্রক্রিয়াধীন আছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট এর আওতায় অত্র উপজেলায় ২৪ (চব্বিশ) টি গ্রুপ এবং গ্রুপের কমিটি গঠন করা হয়। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেনারী পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প এর আওতায় জলাতঙ্ক রোগে ক্ষতিগ্রস্থ ০৩ (তিন) জন খামারীকে আর্থিক সহায়তা প্রদান প্রক্রিয়াধীন আছে। খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে

**১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে অত্র বিআরডিবি এর অধীনে ১২টি প্রকল্প নিয়ে কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রম যথারীতি ভাল ভাবে চলছে।

**১৪। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**:- উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মিঠাপুকুর, রংপুর সভায় বলেন যে, অত্র উপজেলায় মোট জনসংখ্যা ৫,৭৩,০৩৭ তন্মধ্যে পুরুষ- ২,৮৮,৪৮৫, মহিলা: ২,৮৪,৫৫২ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৯৮৯৯০ উপজেলা মোট গ্রহণকারী ৭৪৬৬৪ পদ্ধতির হার (CAR) 75.43% অস্থায়ী পদ্ধতি: খাবার বড়ি ৩৫৬ কনডম ১৪৭২৬ ইনজেকশন ২২৭২ দীর্ঘমেয়াদি পদ্ধতি আইইউডি-০১ ইমপ্লান্ট-৪৪ স্থায়ী পদ্ধতি পুরুষ- ০ মহিলা - ০৭ উপজেলায় মোট গর্ভবর্তীর সংখ্যা- ২৫৪৭ নরমাল প্রতিষ্ঠানিক ডেলিভারী সংখ্যা ১৬৩ উপজেলায় টি এফআর-১.৬ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

**১৫।উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ-** উপজেলা যুব উন্নয়ন অফিস মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে অত্র উপজেলায় মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৩৩৬৯ জন মহিলা ২৪১১ জন আত্নকর্মসংস্থান পুরুষ ২৩০৯ মহিল ১৫৬২ জন মোট= ৩৮৭১ জন আত্নকর্মসংস্থানের জন্য উক্ত প্রশিক্ষণার্থীর মাঝে ২৩,১৫,২৬৪ টাকা প্রদান করা হয়েছে। ক্রমপঞ্জিত বিতরণ ১,৩৫,১০,৫০০/- ক্রমপঞ্জিত আদায়ের হার ৮৫% অপরদিকে যুব সংগঠনের সংখ্যা ১২টি নেটওয়্যাকিং আওতাভুক্ত সংগঠন ২টি। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

**১৬। উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে তার অফিসের ভিজিডি কার্যক্রম এপ্রিল/২০২২ মাসের ভিজিডি চাল বিতরণে আদেশ দেয়া হয়েছে কার্ডের সংখ্যা ৩০৪৮টি। সেচ্ছাসেবী ১৬টি সমিতির কার্যক্রম চলমান রয়েছে। মাতৃত্বকাল উপকারভোগী কার্ডের সংখ্যা ২৩৮০টি অপরদিকে আইজিএ কার্যক্রম চলমান রয়েছে। W.T.C কার্যক্রম চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প কার্যক্রম চলমান। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম (সভা, সেমিনার, উঠান বৈঠক) চলমান রয়েছে।

**১৭। উপজেলা খাদ্য বিভাগ**:- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, শঠিবাড়ীর এলএসডি ধারণ ক্ষমতা ২০০০.০০০ মে.ট. বর্তমানে মজুদ প্রায় ২৬৬৪.৪৬১ মে. টন. চাউল এবং ২০২৩৫৮ খানা খালি বস্তা মজুদ রয়েছে। মজুদ সন্তোষজনক। প্রতি বছর গড়ে ১৫,০০০.০০ মে.টন. চাল ও ধান সরবরাহ করা হয়। জায়গার অভাবে সংগৃহীত চাল জেলার বাহিরে প্রেরণ করতে হয় এবং বিলি বিতরণের সময় আবার জেলার বাইরে হতে আনতে হয়। এতে সরকারের বিপুল পরিমাণে আর্থিক ক্ষতি হয়। তাই অত্র উপজেলায় আরও কমপক্ষে ২০০০.০০০ মে.টন. ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম নির্মাণ করা প্রয়োজন। আগামী বোরো ধান সংগ্রহনের জন্য কৃষক নিবন্ধন শুরু হয়েছে। কৃষি বিভাগ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিষয়টি সাধারণ কৃষক ভাইদের অবগতির জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে লিফলেট ও পোষ্টার বিলি বিতরণ শুরু হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

2/05/2022

( মোঃ জাকির হোসেন সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মিঠাপুকুর,রংপুর।

২

উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর, রংপুর ।

স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০০.০০০.২২- ৭৬৬(৭৬)(৫০) তারিখ ঃ ২৯ জুন ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৩-রংপুর-৫ (মিঠাপুকুর) উপদেষ্টা উপজেলা পরিষদ ও সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, মিঠাপুকুর, রংপুর।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), মিঠাপুকুর, রংপুর।

৫। উপজেলা..................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর ।

৬। চেয়ারম্যান......................................(সকল), ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর ।

29/06/2022

( উপজেলা নির্বাহী অফিসার )
মিঠাপুকুর,রংপুর।